শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪ (মতামত-১).১৯- ৪৩৯

তারিখঃ ১৭ আষাঢ় ১৪২৬ / ০১ জুলাই ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৯২৩৯/২০১২ মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in opposition) দাখিল না করার কারণ এ বিভাগকে অবহিতকরণ।

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৭.১৭-৯৮ তারিখ: ০৩.০৪.১৯ খ্রি.।
(২) মাউশি অধিদপ্তরের স্মারক নং-৯এ/০৭/অডিট/২০১২/২১৭/৮ তারিখ: ০৮.০৪.১২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সুত্রের পরিপ্রেক্ষিতে জানানো যে, হবিগঞ্জ জেলার চুনারুঘাট উপজেলাধীন চলিতার আব্দা আফছার তালুকদার মহিলা দাখিল মাদ্রাসার ০৪ (চার) জন শিক্ষক/কর্মচারী যথাক্রমে ইবতেদায়ী ক্বারী শিক্ষক শেখ জাহানারা বেগম (ইনডেক্স নং-২০২৬২০৮), দপ্তরী (নৈশ প্রহরী) জনাব মো: ছিদ্দিক আলী (ইনডেক্স নং-২০২৬২০৯), দপ্তরী জনাব আমিনা খাতুন (ইনডেক্স নং-২০২৬২১০) এবং দপ্তরী (আয়া) জনাব তাহেরা খাতুন (ইনডেক্স নং-২০২৬২১২) এর বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) সূত্র (২) মূলে স্থগিত করা হয়। যা ০১.০৬.২০১২ খ্রি. তারিখ হতে কার্যকর মর্মে সূত্র (১) মুলে উল্লেখ করা হয়

০২। উক্ত পত্রের আদেশকে চ্যালেঞ্জ করে বর্ণিত প্রতিষ্ঠানের দপ্তরি জনাব আমিনা খাতুন কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৯২৩৯/২০১২ দায়ের করা হয়। উক্ত রিট মামলার গত ১৩.০১.২০১৫ খ্রি. তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক নিম্নরূপ রায়/আদেশ প্রদান করা হয়:

Accordingly. the Rule is made absolute.The impugned memo no. 9A/07/audit/2012/217/8 dated 08.04.12 regarding stoppage of the Government Portion of the salaries and allowances so far as it relates to the petitioner issued under signature of the Respondent Nos. 3 and 4 (Annexure-F)) to the writ petition is declared to have been made without lawful and is of no legal effects.

The respondents are directed to release the Monthly pay order (MPO) and give the same to the petitioner with all arrears and benefits to which she is entitled to within sixty (60) days from the date of receipt of a copy of this judgment and order.

০৩। এখানে উল্লেখ্য যে, রিট পিটিশন নং-৯২৩৯/২০১২ মামলার রায়ের এক জায়গায় উল্লেখ রয়েছে, "No affidavit-in-opposition has been filed by the respondents, controverting the statement made in the writ petition". অর্থাৎ রিট মামলায় মাউশি অধিদপ্তর হতে affidavit in opposition দাখিল যেমন হয়নি তেমনিভাবে সুযোগ থাকা সত্ত্বেও নিজস্ব আইনজীবী দ্বারা রিট মামলাটি ন্যূনতম contest করা হয়নি।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৯২৩৯/২০১২ মামলাটি ন্যূন্যমত Contest না করার কারণ এবং ১৩.০১.২০১৫ খ্রি. তারিখের রায়ের (রিট মামলায়) বিরুদ্ধে মাউশি অধিদপ্তরের নিজস্ব আইনজীবী দ্বারা যথাসময়ে (তামাদির মেয়াদের মধ্যে) কেন আপীল দায়ের করা হয়নি এর কারণ আগামী ২৫.০৭.২০১৯ খ্রি. তারিখের মধ্যে TMED-কে জানানোর জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

০১/৭/১৯

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপি:
১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
২ সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩ সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪ সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
৫ অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬ অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭ অফিস কপি/মাস্টার কপি।